বিয়ের খবরে মাথা নষ্ট প্রেমিকার আলমডাঙ্গায় প্রেমিক নাতির গোপনাঙ্গ কর্তনের অভিযোগ

চুয়াডাঙ্গার আলমডাঙ্গায় পরকীয়া প্রেমিকের গোপনাঙ্গ কর্তণের অভিযোগ উঠেছে সখের বানু (৩০) নামের এক নারীর বিরুদ্ধে। জখম প্রেমিক চরপাইকপাড়া গ্রামের গোলাম রসুলের ছেলে মানিক (২২) বর্তমানে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

পরকীয়া প্রেমিকের বিয়ের খবরে সোমবার রাতে নিজ ঘরে ডেকে নিয়ে এমন কান্ড ঘটায় ওই নারী। মঙ্গলবার মানিক স্থানীয় শেফা ক্লিনিকে চিকিৎসা নিতে গেলে বিষয়টি জানাজানি হয়।

এলাকাবাসী জানায়, চরপাইকপাড়া গ্রামের সাজ্জাদ হোসেন স্বচ্ছল জীবনের আশায় বছর দেড়েক আগে মালয়েশিয়া যান। এরপর সাজ্জাদের স্ত্রী সখের বানু প্রতিবেশী মানিকের সাথে পরকীয়া সম্পর্ক গড়ে তোলেন। সম্প্রতি মানিকের পরিবার তার বিয়ের জন্য মেয়ে দেখা শুরু করলে সখের বানু হতাশ হয়। তিনি কৌশলে সোমবার রাতে মানিককে তার ঘরে ডেকে নেয়। এ সময় সে ধারালো ব্লেড দিয়ে মানিকের গোপনাঙ্গ কর্তন করে। এ সংবাদ লেখার সময় পর্যন্ত মানিকের পরিবার থানায় মামলা দায়ের প্রস্তুতি নিচ্ছিলেন বলে জানা গেছে।

শেফা ক্লিনিক কর্তৃপক্ষ জানান, ধারালো কোনো অস্ত্র দিয়ে মানিকের গোপনাঙ্গ কর্তন করা হয়েছে বলে প্রাথমিক ভাবে মনে হয়েছে। তার উন্নত চিকিৎসার জন্য তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠানো হয়েছে।